# রাষ্ট্রপতি মনোনয়নে তারেক রহমানকে দায়িত্ব দিল বিএনপির স্থায়ী কমিটি



ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি পদে দলের প্রার্থী মনোনয়নের দায়িত্ব বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের ওপর ন্যস্ত করেছে দলের স্থায়ী কমিটি। শনিবার (১ আগস্ট) রাতে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠক শেষে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করেন। স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদও একই তথ্য জানান।

তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত দেড় ঘণ্টারও বেশি সময়ের বৈঠকে মির্জা ফখরুল ইসলাম আলমগীর, ড. খন্দকার মোশাররফ হোসেন, নজরুল ইসলাম খান, সালাহউদ্দিন আহমদ, আমির খসরু মাহমুদ চৌধুরী, গয়েশ্বর চন্দ্র রায়, ইকবাল হাসান মাহমুদ টুকু, সেলিমা রহমান এবং ডা. এ জেড এম জাহিদ হোসেন উপস্থিত ছিলেন।

বৈঠকে রাষ্ট্রপতি নির্বাচন ছাড়াও দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি এবং বিএনপির সাংগঠনিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

LENS ASIA